

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে প্রযুক্তি প্রতিযোগিতা

টেক প্রতিদিন ডেস্ক ▶

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে শুরু হয়েছে দুই দিনব্যাপী 'টেলকো ওয়ারফেয়ার-২০১২'। গতকাল সকালে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আহমেদ শাফি এ প্রতিযোগিতার উদ্বোধন করেন।

টেলিকমিউনিকেশন প্রযুক্তির বিভিন্ন দিক নিয়ে এ প্রতিযোগিতার প্রথম দিনে 'অ্যাপস ওয়ার' এবং 'কিউ ওয়ার' নামে দুটি প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এতে বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ৩৮ জন শিক্ষার্থী তাঁদের তৈরি মোবাইলের বিভিন্ন অ্যাপস উপস্থাপন করেন। আজ সন্ধ্যায় প্রতিযোগিতার শেষ দিনে বিজয়ীদের নাম ঘোষণা করা হবে বলে জানিয়েছেন আয়োজকরা। এ ছাড়া গতকাল অনুষ্ঠিত হয় 'আইটি টক' সেমিনার। এতে অংশ নেন বিডিওএসএনের সাধারণ সম্পাদক মুনির হাসান।

ফাল্গুন ১৪
২৪/০৩/১২
দাঁ: ৬

